13521

# B.A. 4th Semester (General) Examination, 2019 (CBCS)

## Subject : Bengali

## Paper : CC-1D/2D/GE-4

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*
*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) ভাষা কাকে বলে?

(খ) অপভাষা বলতে কী বোঝো?

(গ) প্রাচীন বাংলা ভাষার নিদর্শন পাওয়া যায় এমন দুটি গ্রন্থের নাম লেখো।

(ঘ) প্রাদেশিক শব্দ কাকে বলে? উদাহরণ দাও।

(ঙ) ফরাসি ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে এমন দুটি শব্দের উদাহরণ দাও।

(চ) 'আলমারি' কোন শ্রেণির শব্দ? মূল শব্দটি কী?

(ছ) বাংলা ভাষার আদি-মধ্য যুগের কালসীমা নির্দেশ করো।

(জ) ভারতীয় আর্য ভাষার কোন স্তরে বাংলা ভাষার উৎপত্তি হয়? ওই পর্বের কালসীমা উল্লেখ করো।

(ঝ) ভাষা সম্প্রদায় কাকে বলে?

(ঞ) বরেন্দ্রী উপভাষার দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

(ট) 'দিন দিন তোমার খুব আক্কেল হচ্ছে!' — রেখাঙ্কিত শব্দ দুটির শ্রেণি নির্ণয় করো।

(ঠ) আগন্তুক শব্দভাণ্ডারকে কয়ভাগে ভাগ করা হয়? ভাগগুলি কী কী?

(ড) আধুনিক বাংলা ভাষার দুটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য লেখো।

(ঢ) তৎসম শব্দ কাকে বলে? উদারহণ দাও।

(ণ) সমশব্দবলয় কী?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) রাঢ়ী উপভাষা কোন কোন অঞ্চলে প্রচলিত? উক্ত উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ লেখো। ১+৪=৫

(খ) তদ্ভব শব্দ কাকে বলে? বাংলা শব্দভাণ্ডারের তদ্ভব শ্রেণি সম্পর্কে একটি টীকা লেখো। ১+৪=৫

(গ) আদি-মধ্য বাংলা ভাষার পাঁচটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো। ৫

(ঘ) ভাষা ও উপভাষার মধ্যে সম্পর্ক আলোচনা করো। ৫



Scanned by SelfScan

(ঙ) সাধু ও চলিত ভাষারীতির মধ্যে পার্থক্য আলোচনা করো। ৫

(চ) কৃতঋণ শব্দ কাকে বলে? বাংলা ভাষার শব্দভাণ্ডারে নতুন সৃষ্ট শব্দ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১+৪=৫

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) বাংলা ভাষার উৎপত্তির ইতিহাস সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

(খ) প্রাচীন বাংলা ভাষার কালসীমা নির্দেশ করো। প্রাচীন বাংলা ভাষার বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো। ১+৯=১০

(গ) বাংলা ভাষার শব্দভাণ্ডারে আগন্তুক শব্দ বিষয়ে আলোচনা করো। ১০

(ঘ) বঙ্গালী উপভাষা কোন কোন অঞ্চলে প্রচলিত? বঙ্গালী উপভাষার বৈশিষ্ট্যগুলি উদাহরণসহযোগে লেখো। ২+৮=১০

———

Scanned by SelfScan